বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 0 2 AUG 1989
পৃষ্ঠা 5 কলাম 7

062

জনমত

## অনার্স পরীক্ষা এত পিছালো কেন ?

কোর্স পদ্ধতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৭ সনের ৩য় বর্ষ সম্মান পরীক্ষা গত ১৫ই জন '৮৯ থেকে শুরু হওয়ার কথা থাকলেও ছাত্র-ছাত্রীদের দাবীর পরিপ্রেক্ষিতে দেড় মাস পিছিয়ে তা ১লা আগস্ট নেয়া হয়। কিন্তু ঈদুল আযহার পূর্বে বিশ্ববিদ্যালয়ে গোলমাল হওয়ায় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ করে সকল পরীক্ষা ১৬ই আগস্ট পর্যন্ত স্থগিত করে দেন। এ দিকে বিশ্ববিদ্যালয় দীর্ঘ ১৭ দিন বন্ধের পর গত ২৮শে জুলাই খোলা হয় এবং ৩১শে জুলাই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কমিটির সভায় বিভিন্ন পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়।

সেমতে আমাদের পরীক্ষার তারিখ ১৮ই সেপ্টেম্বর নির্ধারণ করা হয়. আমরা ভেবেছিলাম কর্তৃপক্ষ হয় তো বা এ মাসের শেষের দিকে অথবা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে আমাদের পরীক্ষা শুরু করবেন। কিন্তু জানি না কর্তৃপক্ষ কেন পরীক্ষা এতদিন পিছিয়ে দিলেন। যদি বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতির কারণে পরীক্ষা পিছিয়ে থাকেন তাহলে ১৭ই আগস্ট থেকে কোন কোন পরীক্ষা কি করে শুরু হচ্ছে। আর যদি বিশ্ববিদ্যালয়ে পুলিশই মোতায়েন রাখা হবে তাহলে তাড়াতাড়ি আমাদের পরীক্ষা নিতে ক্ষতি কি? বারবার পরীক্ষা পিছানোর ফলে আমাদের লেখাপড়াই আজ অনিশ্চিত হয়ে উঠেছে। এটা সত্যি দুর্ভাগ্যজনক। আমরা আশা করবো, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার বিষয়টি গুরুত্বের সাথে গ্রহণ করবেন এবং ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ বিবেচনা করে জরুরী ভিত্তিতে এ মাসের শেষের দিকে অথবা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করবেন।

—মোঃ মোবারক হোসেন ভূইয়া
ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা।